

3253 - গর্ভবতী ও স্তন্যদায়ী নারীর জন্য রোয়ার কায়া পালন ছাড়া অন্য কোন সমাধান আছে কি?

প্রশ্ন

যে নারীর একাধিক বছরের অনেক দিনের রম্যানের রোয়া ছুটে গেছে; তাকে কি এই সবগুলো দিনের রোয়া কায়া পালন করতে হবে; এমনকি দিনের সংখ্যা যদি বেশি হয়? নাকি দশজন মিসকীন খাওয়ানোর মত অন্য কোন সুযোগ তার জন্য আছে? এই রোয়াগুলোর কায়া পালন করার পূর্বে অন্য কোন নফল রোয়া পালন করা কি তার জন্য জায়েয হবে; যেমন শাওয়ালের ছয় রোয়া? যদি সে এই মাসগুলোর রোয়া পালন না করতে করতে নতুন রম্যান চলে আসে; তাহলে কি তার সওয়াব কম হবে?

প্রিয় উত্তর

যদি কোন নারী প্রসবজনিত বা দুধ খাওয়ানো-জনিত ওজরের কারণে রোয়া রাখতে না পারেন তাহলে সে নারীর কর্তব্য এই ওজর দূর হওয়ার সাথে সাথে সেই রোয়াগুলোর কায়া পালন করা। যেভাবে একজন রোগ থেকে সুস্থ হওয়া ব্যক্তি করে থাকেন। যেমনটি তার ব্যাপারে আল্লাহ্ তাআলা বলেছেন: “আর কেউ অসুস্থ থাকলে কিংবা সফরে থাকলে সে অন্য দিনগুলোতে এ সংখ্যা পূরণ করবে।”[সূরা বাকারা, আয়াত: ১৮৪]

এই নারী রোয়াগুলো ভিন্ন ভিন্ন সময়ে রাখতে পারেন; যাতে করে তার জন্য সহজ হয়।[দেখুন: রোয়ার সন্তোষ মাসয়ালা বইটি]

পরবর্তী রম্যান আসার আগেই তিনি রোয়াগুলোর কায়া পালন করবেন। আর যদি তার ওজর চলমান থাকে তাহলে তিনি সক্ষম হওয়ার সময় পর্যন্ত দেরী করতে পারেন। যদি রোয়া রাখতে সম্পূর্ণরূপে অপারগ না হন তাহলে তিনি খাদ্য খাওয়ানোর অপশনে যাবেন না।

আল্লাহ্‌ই সর্বজ্ঞ।